

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৫৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫৪. যে ব্যাক্তি রুকু ও সিজদা হতে উঠে পিঠ সোজা করে না।

باب صَلاَةِ مَنْ لاَ يُقِيمُ صَلْبَهُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ

## আরবী

## বাংলা

৮৫৭. মূসা ইবনু ইসমাঈল ..... আলী ইবনু ইয়াহ্ইয়া (রহঃ) থেকে তার চাচার সূত্রে বর্ণিত। তিনি বলেনঃ একদা এক ব্যক্তি মসজিদে প্রবেশ করে। অতঃপর তিনি পূর্ববর্তী হাদীছের অনুরূপ বর্ণনা প্রসঙ্গে বলেনঃ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেনঃ উয়্ (ওজু/অজু/অযু)র অংগসমূহ উত্তমরূপে ধৌত না করলে নামায পূর্ণ হবে না। উয়ূর পর তাকবীরে তাহরীমা বলে হামদ ও ছানা পাঠ করতঃ কুরআন মজীদ হতে যা সম্ভব পাঠ করবে। অতঃপর "আল্লাহ্ আকবার" বলে রুকুতে যাবে এমতাবস্থায় যে, তার শরীরের জোড়াসমূহ স্ব-স্ব স্থানে যথারীতি অবস্থান করবে। অতঃপর "সামিআাল্লাহ্ লিমান হামিদাহ" বলে স্থিরভাবে সোজা হয়ে দাঁড়াবে। অতঃপর "আল্লাহ্ আকবার" বলে এমনভাবে সিজদা করবে যাতে শরীরের জোড়াসমূহ স্ব-স্ব স্থানে যথারীতি অবস্থান করে। পরে "আল্লাহ্ আকবার" বলে মাথা উঠিয়ে সোজা হয়ে বসবে। এরপর পুনরায় "আল্লাহ্ আকবার" বলে পূর্ববৎ সিজদা করবে। অতঃপর "আল্লাহ্ আকবার" বলে সিজদা হতে মস্তক উত্তোলন করবে। যখন কোন ব্যক্তি এভাবে নামায আদায় করবে, তখনই তার নামায পরিপূর্ণ হবে। (তিরমিযী)।



## **English**

Narrated Rifa'ah ibn Rafi':

A man entered the mosque..... He then narrated the tradition like the one narrated in (No.855).

This version is as follows: The Prophet (ﷺ) said: The prayer of anyone is not perfect unless he performs ablution perfectly; he should then utter the takbir, and praise Allah, the Exalted, and admire Him; he should then recite the Qur'an as much as he desires. He should then say: "Allah is Most Great". Next he should bow so that all his joints return to their proper places. Then he should say: "Allah listens to the one who praises Him", and stand erect. He should then say: "Allah is most great," and should prostrate himself so that all his joints are completely at rest. Then he should say: "Allah is most great"; he should raise his head (at the end of prostration) till he sits erect. Then he should say: "Allah is most great"; then he should prostrate himself till all his joints return to their proper places. Then he should raise his head and say the takbir. When he does so, then his prayer is completed.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনে ইয়াহ্ইয়া ইবনে খাল্লাদ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন